

Times Today BD

হিমেল আহমেদ অপ্পি | ঢাকা | 09 May, 2025

শরীয়তপুরের নড়িয়া থানায় কাগজপত্রবিহীন তিনটি মোটরসাইকেল আটক করায়

ছাত্রদল নেতাকর্মীরা থানায় হামলা ও ভাঙচুর চালিয়েছে বলে অভিযোগ উঠেছে। হামলায় আহত হয়েছেন এক পুলিশ কনস্টেবল।

বৃহস্পতিবার (৮ মে) রাত ১০টার দিকে এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, বুধবার রাতে নড়িয়া উপজেলার ঘড়িসার ইউনিয়নের বাউড়া এলাকা থেকে কাগজপত্র না থাকায় তিনটি মোটরসাইকেল আটক করে থানায় নিয়ে আসে পুলিশ।

পরদিন রাতে মোটরসাইকেল ছাড়াতে থানায় আসেন নড়িয়া পৌর যুবদলের সভাপতি নুরুজ্জামান শেখের ভাতিজা ও কলেজ ছাত্রদল নেতা শাহীন শেখসহ কয়েকজন। কাগজপত্র দেখাতে না পারায় পুলিশ মোটরসাইকেল ছাড়াতে অস্বীকৃতি জানায়।

এতে ক্ষিপ্ত হয়ে তারা ইট-পাটকেল নিক্ষেপ করে থানায় হামলা চালায় এবং পুলিশের গাড়ি ও থানা কমপ্লেক্সের দুটি ভবনে ভাঙচুর করে। বাধা দিতে গেলে হামলাকারীরা কনস্টেবল বিল্লাল হোসেনকে মারধর করে আহত করে।

আহত কনস্টেবলকে প্রথমে শরীয়তপুর সদর হাসপাতালে এবং পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়।

এ ঘটনায় চারজনকে আটক করেছে পুলিশ।

জেলা পুলিশ সুপার নজরুল ইসলাম বলেন, “কিছু দুষ্কৃতিকারী থানায় হামলা চালিয়েছে। এতে এক পুলিশ সদস্য আহত হয়েছেন এবং থানা ভবনের ক্ষয়ক্ষতি হয়েছে। সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে জড়িতদের শনাক্ত করা হচ্ছে। অপরাধীরা যে দলেরই হোক, কাউকে ছাড় দেওয়া হবে না।”

ছাত্রদল হামলা পুলিশ আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:57

URL: <https://www.timestodaybd.com/public/dhaka/6012672189>